

**Telephone Conversation between Prime Minister Shri Narendra Modi  
and H.E. Boris Johnson, Prime Minister of the United Kingdom  
March 12, 2020**

---

**মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী এইচ. ই.  
বরিস জনসনের মধ্যে টেলিফোনে আলোচনা  
মার্চ 12, 2020**

আজকে মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী মহামান্য বরিস জনসনের থেকে একটি টেলিফোন কল পেয়েছেন।

আগামী দশকে ভারত ও যুক্তরাজ্যের মধ্যে রণকৌশলগত অংশীদারত্ব আরও শক্তিশালী করার বিষয়ে দুই নেতাই আগ্রহ প্রকাশ করেছেন। এই লক্ষ্যের দিকে নজর রেখে রোডম্যাপ ব্যাপকভাবে সূত্রাকারে সাজালে তা কার্যকরী হবে- এই বিষয়ে তারা সহমত হয়েছেন।

জলবায়ু পরিবর্তনের ক্ষেত্রে ভারত এবং যুক্তরাজ্যের যে সহযোগিতা বিশেষ করে কোয়ালিশন ফর ডিজাস্টার রেসিলিয়েন্ট ইনফ্রাস্ট্রাকচার (CDRI) এর ক্ষেত্রে - এই বিষয়ে দুই নেতাই তাদের সন্তুষ্টি প্রকাশ করেছেন। এই বছর পরবর্তী সময়ে গ্লাসগোতে সিওপি-26 এ আমন্ত্রণ জানানোর জন্য প্রধানমন্ত্রী মোদী প্রধানমন্ত্রী জনসনকে ধন্যবাদ জানিয়েছেন।

দুই প্রধানমন্ত্রী কোভিড-19 অতিমারি নিয়ে মত বিনিময় করেছেন। যুক্তরাজ্যের স্বাস্থ্যমন্ত্রী নাদিন ডরিসের করোনাভাইরাস পরীক্ষা পজিটিভ হওয়ায় প্রধানমন্ত্রী শ্রী মোদী উদ্বেগ প্রকাশ করেছেন এবং তার দ্রুত আরোগ্য কামনা করেছেন।

উভয়ের সুবিধামত সময়ে ভারত সফরের জন্য মিস্টার জনসনকে প্রধানমন্ত্রী মোদী পুনরায় আমন্ত্রণ জানিয়েছেন।

নিউ দিল্লি  
মার্চ 12, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

